

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd




নং ১০.০৭.০০০০.০০১.১৬.০১৯.২০২১-২১০

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৮
১৮ নভেম্বর ২০২১

বিষয়ঃ জেলা লিগ্যাল এইড কমিটির মাসিক সভায় প্যানেল আইনজীবীদের অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার সরকারি আইনি সেবা কার্যক্রম কার্যকর ও বাস্তবায়নে প্যানেল আইনজীবীগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। আইনগত দায়িত্ব পালনকালে প্যানেল আইনজীবীগণ প্রতিবন্ধকতার সম্মুখীন হন। বর্তমান আইনি কাঠামোর অধীন জেলা লিগ্যাল এইড কমিটির মাসিক সভায় প্যানেল আইনজীবীগণের উপস্থিত থাকার সুযোগ নেই। যদিও কতিপয় জেলায় জেলা লিগ্যাল এইড কমিটির মাসিক সভায় প্যানেল আইনজীবীগণকে উপস্থিত থাকার সুযোগ দেয়া হয়। জেলা লিগ্যাল এইড কমিটির মাসিক সভায় প্যানেল আইনজীবীগণকে উপস্থিত থাকার সুযোগ প্রদান করা হলে সংশ্লিষ্ট আইনজীবীগণ লিগ্যাল এইডের মামলা পরিচালনাকালে যে সকল বাস্তব সমস্যার সম্মুখীন হন তা জেলা কমিটির সামনে উপস্থাপন করার সুযোগ পাবে। ফলে লিগ্যাল এইডের মামলা পরিচালনার ক্ষেত্রে চিহ্নিত সমস্যা সমাধানে পদক্ষেপ নেয়া সহজ হবে।

এমতাবস্থায় জেলা লিগ্যাল এইড কমিটির মাসিক সভায় ০৩ (তিনি) জন প্যানেল আইনজীবী (তন্মধ্যে ০১ জন মহিলা)-কে অংশগ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(সৈয়দ তফাজ্জল হাসান হিরঞ্জন)
উপ-পরিচালক (প্রশাসন)
(যুগ্ম জেলা ও দায়রা জজ)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
ফোন নং: ০২-৪৯৩৪৯৭৬৫ (অঃ)
ddadmin@nlaso.gov.bd

চেয়ারম্যান

জেলা লিগ্যাল এইড কমিটি
এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ, (সকল)।

অনুলিপি কার্যার্থে ও সদয় জ্ঞাতার্থে প্রেরণঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ২। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৫। জেলা লিগ্যাল এইড অফিসার, (সকল)।
- ৬। পি এ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। কোর্ট অফিসার, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৮। অফিস কপি/গার্ড ফাইল।